

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং-০৫.২০০.০১২.০০.০০.০১৮.২০১৫-২৫৪

০১ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় প্রশিক্ষণ বর্ষপঞ্জী ২০১৫-২০১৬ অনুযায়ী উপসচিব পর্যায়ের কর্মকর্তাগণের জন্য ৬০ (ষাট) দিন মেয়াদে এসিএডি কোর্সসমূহ নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

ক্র:নং	কোর্সের নাম	মেয়াদকাল
১।	১০৫ তম এসিএডি কোর্স	০৩ জানুয়ারি, ২০১৬ হতে ০৩ মার্চ, ২০১৬ পর্যন্ত
২।	১০৬ তম এসিএডি কোর্স	০৬ মার্চ, ২০১৬ হতে ০৫ মে, ২০১৬ পর্যন্ত
৩।	১০৭ তম এসিএডি কোর্স	০৮ মে, ২০১৬ হতে ০৭ জুলাই, ২০১৬ পর্যন্ত


০২। ইতোপূর্বে ১০ম থেকে ২০তম ব্যাচের যে সকল কর্মকর্তা এসিএডি কোর্সে অংশগ্রহণ করেননি তাঁদেরকে বর্ণিত কোর্সসমূহ হতে যে কোন দুটিতে অংশগ্রহণের মনোনয়ন প্রস্তাব সংযুক্ত ছকটি পূরণপূর্বক প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। জ্যেষ্ঠতা এবং মেধাক্রম অনুযায়ী মন্ত্রণালয় কর্মকর্তা মনোনয়ন প্রদান করবে। আবেদনপত্রে অবশ্যই ব্যাচ উল্লেখ করতে হবে।

০৩। উল্লিখিত কোর্সসমূহে অংশগ্রহণে আগ্রহী উপসচিব পর্যায়ের কর্মকর্তাদের আগামী ১০ ডিসেম্বর, ২০১৫ এর মধ্যে সংযুক্ত ছকটি পূরণপূর্বক স্ক্যান করে শুধুমাত্র ই-মেইল যোগে [mopatrainig@gmail.com](mailto:mopatrainig@gmail.com)-এ প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৪। অনুসরণীয় শর্তাবলি :

- (১) কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে বাধ্যতামূলকভাবে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে।
- (২) কোর্সের কোর্স ফি জনপ্রতি ৫৭,০০০/- (সাতান্ন হাজার) টাকা ক্রস চেক/বিডি এর মাধ্যমে রেজিস্টার, বিপিএটিসি, সাভার, ঢাকা বরাবর প্রদান করতে হবে।
- (৩) কোর্স শুরু তারিখে ৫৬ বছর পূর্ণ হয়নি এমন কর্মকর্তাগণ কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন।

সংযুক্ত ছক : ০১ ফর্দ।

  
(সৈয়দা মাছুমা খানম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৫৫২৫।


২য় পাতায়

নং-০৫.২০০.০১২.০০.০০.০১৮.২০১৫- ২৫৪(১)/৫০

০১ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ  
১৫ নভেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

অনুলিপি :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
- ০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/বরিশাল/খুলনা/রংপুর (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল)।
- ০৫। যুগ্মসচিব (অঃওঃবৈঃপ্রঃ/পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৬। পরিচালক (পিপিআর), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৭। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (বিজ্ঞপ্তি ও ছকটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(সৈয়দা মাছুমা খানম)  
সিনিয়র সহকারী সচিব

উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণের জন্য আবেদন

০১।	নাম	:	
০২।	পরিচিতি নম্বর ও ব্যাচ	:	
০৩।	কোন এসিএডি-তে অংশগ্রহণে ইচ্ছুক	:	
০৪।	পদবি ও বর্তমান কর্মস্থল	:	
০৫।	জন্ম তারিখ	:	
০৬।	কোর্স শুরু তারিখে বয়স	:	
০৭।	মোবাইল নম্বর	:	
০৮।	দাপ্তরিক ফোন নম্বর	:	
০৯।	ই-মেইল	:	

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে  
মনোনয়ন দানের সুপারিশ করা হল।

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল